গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন

www.brri.gov.bd

**২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচিসমূহের জুন/২০২৬ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ২৩-০৭-২০২৬ |
| সভার সময় | ১০:০০ মিনিট |
| স্থান | ড. জহিরুল ইসলাম ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিচালক (গবেষণা), পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), সকল বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালকগণ, নন এডিপি প্রকল্প পরিচালকগণ এবং পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ। |

| | |
|---|---|
| ১. | ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় অনুন্নয়ন কর্মসূচিসমূহের জুন/২০২৬ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৩/০৭/২০২৬ তারিখে বীর মুক্তিযোদ্ধা ড. জহিরুল ইসলাম ট্রেনিং কমপ্লেক্স ভবনের সভাকক্ষে সরাসরি/জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ব্রির সুযোগ্য মহাপরিচালক জনাব ড. মো. রফিকুল ইসলাম। সভায় পরিচালক (গবেষণা), পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), প্রকল্প পরিচালকগণ, বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। |
| ২. | উপস্থাপন:<br>সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রিন্সিপাল প্লানিং অফিসার আতিয়া রোখসানা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। |
| ৩. | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:<br>গত ২৪/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীতে ইতোমধ্যে যারা মূল্যবান মতামত দিয়েছেন তাদের ধন্যবাদ জানিয়ে নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের কোনো মন্তব্য/সংশোধনী না থাকায় মহাপরিচালক মহোদয়ের সম্মতিতে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। |
| ৪. | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ |

| | |
|---|---|
| ৪.১ | সভার শুরুতে প্রিন্সিপাল প্লানিং অফিসার উপস্থিত সদস্যবৃন্দকে জানান যে, বিগত ২৩-০৫-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কৃষি মন্ত্রণালয়ে মাসিক আরএডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এরপর তিনি উক্ত সভার সিদ্ধান্তসমূহের মধ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর জন্যে প্রযোজ্য সিদ্ধান্তসমূহ সভায় সকলের উদ্দেশ্যে উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় ভূমি অধিগ্রহণ বিষয়ক সিদ্ধান্তের উপর এলএসটিডি প্রকল্পের অগ্রগতি জানতে চান। এলএসটিডি প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে গত অর্থবছরে ভূমি অধিগ্রহণ খাতে ৫০ কোটি টাকা বরাদ্দ দিয়েছিল, যার মধ্যে ৪৫ কোটি টাকা গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে ব্যয় হয়েছে, সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে ভূমি অধিগ্রহণের প্রাক্কলন ব্যয় হচ্ছে প্রায় ২৮ কোটি টাকা এবং অবশিষ্ট ছিল ৫ কোটি টাকা, যার ফলে চলতি অর্থ বছর নতুন করে জমি অধিগ্রহণের চূড়ান্ত আর্থিক কার্যক্রম পরিচালনা সম্ভব হয়নি। এছাড়া মহাপরিচালক মহোদয় ব্রির জন্য প্রযোজ্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে সংশ্লিষ্টদের করতে নির্দেশ প্রদান করেন।<br>অতঃপর প্রিন্সিপাল প্লানিং অফিসার গত ২৪/০৬/২০২৬ তারিখে ব্রিতে অনুষ্ঠিত আরএডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভায় তুলে ধরেন। তিনি সভাকে জানান যে, চলতি ২০২৫-২৬ অর্থবছরে ব্রির চলমান প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনায় পণ্য, কার্য ও সেবা খাতে নির্ধারিত মোট ২২টি দরপত্রের সবকটি ইতোমধ্যে কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে। এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার ২০২৬-২৭ অর্থবছরে ব্রির চলমান প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা বিষয়ক সিদ্ধান্ত উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় দ্রত তা মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব সাইটে আপলোড করতে সংশ্লিষ্টদের করতে নির্দেশ প্রদান এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার সভায় ব্রির চলমান প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দের আলোকে জুন/২০২৬ মাস পর্যন্ত গড় আর্থিক অগ্রগতি মোট ব্যয় ১৭১.১০৪৭ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৯৩.২৫% এবং প্রকল্পভিত্তিক আর্থিক ও ভৌত অগ্রগতিসহ প্রধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জন এবং ২০২৬-২০২৭ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে মহাপরিচালক মহোদয় হাইব্রিড প্রকল্পটি জুন/২০২৬ এ সমাপ্ত হওয়ায় প্রকল্প পরিচালককে যথাসময়ে পিসিআর প্রদানের নির্দেশনা প্রদান করেন। সভায় কৃষি অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান সভায় হাইব্রিড প্রকল্পের আওতায় ব্রি উদ্ভাবিত হাইব্রিড ধানের বীজ সরকারী ও বেসরকারী পর্যায়ে বীজ উৎপাদন ও বিতরণের লক্ষ্যে বিএআরসিতে যে ওয়ার্কসপ আয়োজন করা হয়েছিল তার অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় এ সংক্রান্ত বিষয়ে ইতিবাচক অগ্রগতি হয়েছে বলে জানান।<br><br>প্রিন্সিপাল প্লানিং অফিসার যান্ত্রিক, পার্টনার এবং এলএসটিডি প্রকল্পের ধারাবাহিকভাবে চলতি অর্থবছরের আর্থিক ও ভৌত অগ্রগতি উপস্থাপনকালে জানান যে, সকল প্রকল্পের ভৌত অগ্রগতি শতভাগ সম্পন্ন হলেও অর্থ ছাড় কম হওয়ায় আর্থিক অগ্রগতি কিছুটা কম হয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় এলএসটিডি প্রকল্পের আওতায় উদ্ভাবিত ধানের প্রযুক্তিসমূহকে ব্রির বোর্ড অব ম্যানেজমেন্টে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং নতুন উদ্ভাবিত প্রযুক্তিসমূহ যেন ইতোমধ্যে ব্রি কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের মধ্যে কোন ওভারল্যাপিং না হয় সে বিষয়ে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। ফলিত গবেষণা বিভাগের বিভাগীয় প্রধান সভায় এলএসটিডি প্রকল্পের আওতায় সংগ্রহকৃত ১১টি মোটরসাইকেলের বণ্টন সম্পর্কে জানতে চাইলে মহাপরিচালক মহোদয় এলএসটিডি প্রকল্পের প্রকল্প পরিচালককে ১১টি মোটরসাইকেলের বণ্টনের তালিকা ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। |

| | |
|---|---|
| ৪.২ | প্রিন্সিপাল প্লানিং অফিসার রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় প্রধান ও আঞ্চলিক কার্যালয়ে চলমান বিভিন্ন নির্মাণ ও ভূমি উন্নয়ন কাজের ভৌত পরিমাণ এবং গুণগতমান নিশ্চিতকরণ-সংক্রান্ত সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় পার্টনার প্রকল্পের আওতায় কুষ্টিয়া, সিরাজগঞ্জ এবং গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে নির্মিতব্য ট্রেনিং কমপ্লেক্স কাম ডরমেটরি বিল্ডিং এর কাজের মানের ত্রুটি ও ধীর গতির জন্য সভায় অসন্তোষ প্রকাশ করে প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলীকে যথাযথ গুরুত্বের সহিত নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন করে মানসম্পন্নভাবে কাজ সম্পন্ন করতে নির্দেশ প্রদান করেন। এছাড়া মহাপরিচালক মহোদয় পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)-র নের্তৃত্বে গঠিত মনিটরিং কমিটি এবং স্থানীয় মনিটরিং কমিটিকে চলমান নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন করতে এবং পরিদর্শনকালে কোন ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে কাজ বন্ধ রাখতে নির্দেশ প্রদান করেন।<br>এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার পার্টনার প্রকল্পের আওতায় ব্রির পশ্চিম বাইদে আইডিয়াল ফার্ম ডেভেলপমেন্ট থিম যথাযথভাবে কার্যকর হচ্ছে কিনা এবং আইডিয়াল ফার্ম ও র‍্যাম্প নির্মাণে ইটসহ বিভিন্ন উপকরণের মান নিশ্চিতকরণ বিষয়ক সিদ্ধান্ত উপস্থাপন করলে মহাপরিচালক মহোদয় সভায় জানান যে, ইতোমধ্যে পশ্চিম বাইদ পরিদর্শন করা হয়েছে এবং পরিদর্শনপূর্বক সুপারিশ অনুযায়ী আইডিয়াল ফার্ম ডেভেলপমেন্টের কাজ চলমান রয়েছে।<br>প্রিন্সিপাল প্লানিং অফিসার মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে বিভিন্ন প্রকল্পের আওতায় মালামাল বন্টণ, মালামাল গ্রহণে স্পেসিফিকেশনজনিত সমস্যাসহ চলমান বিভিন্ন সমস্যা সমাধানে সিদ্ধান্ত নিতে সকল প্রকল্প পরিচালক এবং সকল বিভাগীয় প্রধান এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত উপস্থাপন করলে পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) জানান সভাটি দ্রুত আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হবে। |
| ৪.৩ | মহাপরিচালক মহোদয় আইডিয়াল ফার্ম ডেভেলপমেন্টের ধারণার উপর ইতোমধ্যে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা হয়েছে বলে সভাকে জানান। |
| ৪.৪ | মহাপরিচালক মহোদয় নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন ও বাস্তবায়নোত্তর পর্যায়ে কৃষক এবং কৃষি খাতে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখপূর্বক বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভুক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং এর আউটপুট বিষয়ে বিভাগভিত্তিক পৃথক সভা ও প্রেজেন্টেশন আয়োজন অব্যাহত রাখতে নির্দেশ প্রদান করেন এবং নিয়মিত বিরতিতে নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা আয়োজন করতে প্রিন্সিপাল প্লানিং অফিসারকে নির্দেশ প্রদান করেন। |
| ৪.৫ | এরপর প্রিন্সিপাল প্লানিং অফিসার সভাকে জানান যে, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)মহোদয়ের সভাপতিত্বে ল্যাব যন্ত্রপাতি এবং কৃষি যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে প্রয়োজনীয় বরাদ্দ বৃদ্ধির অগ্রগতির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সিদ্ধান্তটি সম্পর্কে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

**৫. ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী জুন/২০২৬মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-**

**(ক) উন্নয়ন বাজেটের অগ্রগতিঃ**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি’তে ০৪টি প্রকল্প রয়েছে। চলমান ৪টি প্রকল্পের মোট আরএডিপি বরাদ্দ ১৮৩.৪৯ কোটি টাকা। ৩টি প্রকল্প জিওবি অর্থায়নে এবং ১টি প্রকল্প জিওবি ও বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। জুন/২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭১.১০৪৭ কোটি টাকা যা বরাদ্দের- ৯৩.২৫%। গত অর্থবছরে ৪টি প্রকল্পে আরএডিপি বরাদ্দ ছিল ১৪৫.৯৪ কোটি টাকা। জুন/২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছিল ১২৬.১৪ কোটি টাকা যা বরাদ্দের- ৮৬.৪৩%। **২০২৫-২০২৬ অর্থবছরে ৪টি প্রকল্পে মোট ২২টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ২২টি দরপত্রের আহ্বান এবং ২২টি দরপত্রের কার্যাদেশ সম্পন্ন হয়েছে।**

**(খ) ২০২৫-২০২৬ অর্থবছরে দরপত্র অগ্রগতি**

| প্রকল্প/কর্মসূচির নাম | দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা | | দরপত্র আহবান | কার্যাদেশ প্রদান |
|---|---|---|---|---|
| | সংখ্যায় | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) | (সংখ্যায়) | (সংখ্যায়) |
| **উন্নয়ন প্রকল্প** | | | | |
| ১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প | - | - | - | - |
| ১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প | ১টি (সেবা-১টি) | ০.৩০ | ১টি (সেবা-১টি) | ১টি (সেবা-১টি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৩ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) BRRI Component | ১৯টি (পণ্য-৯টি কার্য-১০টি) | ৭৫.৫৫ | ১৯টি (পণ্য- ৯টি কার্য-১০টি) | ১৯টি (পণ্য- ৯টি কার্য-১০টি) |
| ১.৪ নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন (এলএসটিডি) | ২টি (পণ্য-১টি সেবা-১টি) | ০.৯৩৯০ | ২টি (পণ্য-১টি সেবা-১টি) | ২টি (পণ্য-১টি সেবা-১টি) |
| **সর্বমোট** | **২২টি (পণ্য-১০টি কার্য- ১০টি সেবা-২টি)** | **৭৬.৭৮৯০** | **২২টি (পণ্য-১০টি কার্য- ১০টি সেবা-২টি)** | **২২টি (পণ্য- ১০টি কার্য-১০টি সেবা-২টি)** |

**(গ) ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ**

**(কোটি টাকায়)**

| **প্রকল্প/কর্মসূচির নাম** | **মোট আরএডিপি বরাদ্দ (জিওবি) (পিএ)** | **মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) জুন /২০২৬ পর্যন্ত** | **জুন /২০২৬ পর্যন্ত অগ্রগতি** | **গত বছরের জুন /২০২৫ পর্যন্ত সময়ে অগ্রগতি** | **জুন / ২০২৬ পর্যন্ত বাস্তব অগ্রগতি** |
|---|---|---|---|---|---|
| | | | **মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)** | **মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)** | |
| **১. উন্নয়ন প্রকল্প** | | | | | |
| ১.১ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প | ৬.৫০ (৬.৫০) (-) | ৬.৪০ (৯৮.৪৬) ৬.৪০ (৯৮.৪৬) (-) | ৬.৪০ (৯৮.৪৬) ৬.৪০ (৯৮.৪৬) (-) | ৫.০০ (১০০.০০) ৫.০০ (১০০.০০) (-) | ১০০.০০% |
| ১.২ অধিক ফলনশীল হাইব্রিড ধানের জাত উদ্ভাবন, গবেষণা ও আধুনিকায়ন প্রকল্প | ৫.৯৬ (৫.৯৬) (-) | ৫.৮১৫৫ (৯৭.৫৮) ৫.৮১৫৫ (৯৭.৫৮) (-) | ৫.৮১৫৫ (৯৭.৫৮) ৫.৮১৫৫ (৯৭.৫৮) (-) | ৯.০০ (১০০.০০) ৯.০০ (১০০.০০) (-) | ১০০.০০% |
| ১.৩ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER-BRRI Component) | ১০০.২৫ (১১.৬৯) (৮৮.৫৬) | ৯৩.১৯১৯ (৯২.৯৬) ১১.৫৫৮৩ (৯৮.৮৭) ৮১.৬৩৩৬ (৯২.১৮) | ৯২.৪৮ (৯২.২৫) ১১.০৩ (৯৪.৩৫) ৮১.৪৫ (৯১.৯৭) | ৯৭.৮৭ (৯৯.৯৪) ১৭.৯৬ (৯৯.৬৭) ৭৯.৯১ (১০০.০০) | ১০০.০০% |
| ১.৪ নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন | ৭০.৭৮ (৭০.৭৮) (-) | ৬৬.৪৭৩৪ (৯৩.৯২) ৬৬.৪৭৩৪ (৯৩.৯২) (-) | ৬৬.৪০৯২ (৯৩.৮২) ৬৬.৪০৯২ (৯৩.৮২) (-) | ১৪.২৭ (৪১.৯৬) ১৪.২৭ (৪১.৯৬) (-) | ১০০.০০% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **উপমোট = ৪টি প্রকল্প** | **১৮৩.৪৯ (৯৪.৯৩) (৮৮.৫৬)** | **১৭১.৮৮০৮ (৯৩.৬৭) ৯০.২৪৭২ (৯৫.০৭) ৮১.৬৩৩৬ (৯২.১৮)** | **১৭১.১০৪৭ (৯৩.২৫) ৮৯.৬৫৪৭ (৯৪.৪৪) ৮১.৪৫ (৯১.৯৭)** | **১২৬.১৪ (৮৬.৪৩) ৪৬.২৩ (৭০.০১) ৭৯.৯১ (১০০.০০)** | - |
| **২. উন্নয়ন কর্মসূচিসমূহ** | - | - | - | - | - |
| **৩. রাজস্ব বাজেট** | | | | | |
| বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ১৩৪.০৫ (১৩৪.০৫) (-) | ১২৯.৬৬১৯(৯৬.৭৩) ১২৯.৬৬১৯(৯৬.৭৩) (-) | ১২৯.২৫৮১ (৯৬.৪৩) ১২৯.২৫৮১ (৯৬.৪৩) (-) | ১২৭.৫২(৯৯.০৫) ১২৭.৫২(৯৯.০৫) (-) | ১০০.০০% |
| উপমোট = | ১৩৪.০৫ (১৩৪.০৫) (-) | ১২৯.৬৬১৯(৯৬.৭৩) ১২৯.৬৬১৯(৯৬.৭৩) (-) | ১২৯.২৫৮১ (৯৬.৪৩) ১২৯.২৫৮১ (৯৬.৪৩) (-) | ১২৭.৫২(৯৯.০৫) ১২৭.৫২(৯৯.০৫) (-) | - |
| **সর্বমোট (১+২+৩)** | **৩১৭.৫৪ (২২৮.৯৮) (৮৮.৫৬)** | **৩০১.৫৪২৭(৯৪.৯৬) ২১৯.৯০৯১ (৭৬.৪৯) ৮১.৬৩৩৬ (৯২.১৮)** | **৩০০.৩৬২৮(৯৪.৫৯) ২১৮.৯১২৮ (৯৫.৬০) ৮১.৪৫ (৯১.৯৭)** | **২৫৩.৬৫ (৯২.৩৪) ১৭৩.৭৪ (৮৯.২০) ৭৯.৯১ (১০০.০০)** | - |

**(ঘ) নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:**

(Tk in Lakh)

| Sl | Project title and Period | Name of the PD/PI/ Coordinator | Source of Fund | Component/ Collaborative Org. | Total Project Cost | Progress up to June/ 2026 (%) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Ongoing Non-ADP (Request to Provide Project Proposal) | | | | | | |
| Plant Breeding Division-3 | | | | | | |
| 1 | Feed the Future Innovation Lab for Climate Resilient Cereals (CRCIL) (20 September 2023 to 29 September 2028) | Dr. Md. Rafiqul Islam Director General, (Routine charge) BRRI | USAID | Kansas State University (KSU), USA | 604.99 | 298.25 (49.30%) |
| 2 | BRRI Support to successfully Implement Rapid Cycle Genomic Selection (RCGS) BMGF Project Code: INV-069664 (01-11-2024 to 31-10-2028) | Dr. Md. Rafiqul Islam Director General, (Routine charge) BRRI | Bill and Melinda Gates Foundation (BMGF) | International Rice Research Institute (IRRI) | 2300.57 | 611.43 (26.58%) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 3 | Accelerate Variety Registration and Seed Distribution of Stress Tolerant Rice Varieties by AFACI Member Contries (RSR) (Period: 01 August 2025 to 31 July 2029) | PI:Dr. Md. Harunur Rashid, CSO (Crops) BARC, Dhaka Co-PI: Dr. Md. Akhlasur Rahman, CSO (Plant Breeding Division,) BRRI Submergence: Dr. Khandakar Md. Iftekharuddaula, CSO & Head, Plant Breeding Division | AFACI, RDA, Korea | Salinity: BRRI Satkhira (Khulna); Submergence: BRRI Rangpur (Kurigram); BRRI Gazipur | 68.02 | 17.00 (25.00%) |
| **Entomology Division-1** | | | | | | |
| 4 | Asia Regional FAW and BPH Diagnostics and Monitoring and Surveillance Program (November 2023 to November 2026) | Dr.Md.Mahfuz Alam, Principal Investigator(PI), CI ( BRRI Part)Dr. Md. Mofazzel Hossain, CSO, Entomology Division, BRRI | AFACI, RDA, Korea | BWMRI; & BARI | 11.30 | 8.40 (74.34%) |
| **Agricultural Economics Division-1** | | | | | | |
| 5 | Socio-economic analysis of rice cultivation in the costal saline and drought prone ecosystems of Bangladesh (June 2026 to May 2029) **(Please Provide Project Profile)** | DR. Mohammad Chhiddikur Rahman, SSO, Agricultural Economics Division, BRRI | KGF | - | 30.00 | - |
| **Soil Science Division-3** | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 6 | Spatial Distribution and Mapping of Total and Available Phosphorus in Long-Term Phosphate Fertilized Soils of Bangladesh. **(Already Project Proposal Provided)** | Dr. Muhammad Sajidur Rahman, PSO, Soil Science Division, BRRI<br>CI: Dr. Md. Rafiqul Islam, Director (Research), BRRI and Dr. Md.Mozammel Haque, SSO, Soil Science Division, BRRI | crc for Contamination Assessment and Remediation of the Environment (crcCARE), Australia | School of Environmental and Life Sciences, University of Newcastle, Australia | 62.14 | 25.45 (40.96%) |
| 7 | Sustainable soil management for enhanced crop productivity in haor ecosystem and reduction of GHG emissions in Barind ecosystem in the rice based cropping pattern (September 2025 to August 2028)<br>**(Please Provide Project Proposal)** | PI: Aminul Islam<br>Co-P: Umme Aminun Naher<br>CI: Md.Mazammel Haque | BAS-USDA Commissioned Project | BRRI, BAU, KU, DU | 79.48 | 21.20 (26.67%) |
| 8 | Change in soil and water dynamics and supporting adoption of Conservation Agriculture in Bangladesh (SACA) (26 Sep 2024 to 30 Apr 2029)<br>**(Please Provide Project Proposal)** | Dr. Md. Rafiqul Islam | ACIAR and KGF | Soil Science, Agronomy, Rice Farming Systems, Agricultural Economics | 106.00 | **21.20 (20.00%)** |
| **Irrigation and Water Management Division-1** | | | | | | |
| 9 | Pilot Research Project on Irrigation Water Management and Web-based Agricultural Information System for Bangladesh (Web-AIS) (November- 2024 to December- 2027)<br>**(Please Provide Project Proposal)** | Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI | University of Applied Sciences (THKOLN), Germany | BADC,BARI,BAU,BUET,LIST,TUD,UnniBon | 74.32 | 47.40 (63.78%) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **Barishal Regional Station-1** | | | | | | |
| 10 | Sustainable management of rice blast disease and development of resistant variety for haor and costal areas of Bangladesh (Period: 3 Years (01 July 2025 to 30 June 2028) **(Already Project Proposal Provided)** | Name of the PI: Dr.Mohammad Ashik Iqbal Khan | BAS-USDA Endowment Program | Bangladesh Rice Research Institute,Regional Station, Barishal. | 47.16 | 13.24 (28.07%) |
| **Completed Non-ADP (Request to Provide PCR)** | | | | | | |
| 1 | Insecticide Resistance and Resurgence Management of Tungro Disseminating Green Leafhopper Project (24 May/2023 to 23 May / 2 0 2 6 ) **(Please Provide PCR)** | PI: Dr. Md. Nazmul Bari, PSO, Entomology Division, BRRI CI: Hasna Hena, SO, Entomology Division, BRRI | KGF | N/A | 35.00 | 28.65 (81.86%) |
| 2 | Productivity enhancement of Boro rice – Fallow-T. Aman rice - Rapeseed mustard cropping system in Bangladesh under the project titled Productivity enhancement of priority corps through piloting and upscaling of tailored, innovative, climate resilient and sustainable agricultural practices in South Asian countries (FVC/RAP/209/MUL) (1 March 2024 to 31 December 2025) **(Please Provide PCR)** | DR. Md. Ibrahim, CSO & Head. RFS Division, BRRI | FAO | N/A | 78.04 | 62.44 (80.01%) |
| 3 | Socio-economic Assessing of AWD on rice cultivation in Bangladesh (January 2024 to March-2026) **(Please Provide PCR)** | DR. Mohammad Chhiddikur Rahman, SSO, Agricultural Economics Division, BRRI | JIRCAS | Agricultural Economics Division, BRRI | 17.58 | 17.40 (99.00%) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 4 | Smart detection of rice disease and insects through 4IR (fourth Industrial Revolution) technologies (24 June/2023 to 23 June/2026) **(Please Provide PCR)** | Md. Mahfuz Bin Wahab, Programmer. ICT Cell, Agri. Stat. Div. BRRI | KGF | A2i (Aspire to Innovate) | 35.00 | 30.98 (88.52%) |
| | | | | | | |
| 5 | Accelerating rice-based agri-food systems transformation for better sustainability, profitability and inclusiveness through promoting the adoption and up scaling of mechanized ratooning rice systems (TCP/RAS/3906) (14 March 2024- 31 August 2025) **(Please Provide PCR)** | Dr. Md. Adil Badshah, PSO, Agronomy Division | FAO | **N/A** | 56.55 | 23.19 (41.00%) |
| 6 | Transforming Rice Breeding in Bangladesh: Institutional Capacity Building (Second Phase) (BRRI-Part) **(Please Provide PCR)** (01 December 2019 to 30 June 2025) **(Already PCR Provided)** | Dr. Mohammad Khalequzzaman, Director General, BRRI | Bill and Melinda Gates Foundation (BMGF) | International Rice Research Institute (IRRI) | 3364.00 | 3364.00 (100.00%) |
| 7 | AFACI – Stress Tolerant High Yielding Rice (SHR+) Project-BRRI Part (2022-2025)<br><br>**(Already PCR Provided)** | Dr. Md. Harunur Rashid, CSO and PI, BARC, Dhaka<br>Dr. Md. Akhlasur Rahman, PSO and Co-PI, Plant Breeding Division, BRRI Gazipur | AFACI, RDA, South Korea | BRRI R/S, Satkhira (Salinity)<br>BRRI R/S Rangpur (Submergence) | 48.00 | 47.95 (99.90%) |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 8 | Development of Short Duration Cold Tolerant Rice (SDCTR) for Haor Areas of Bangladesh (SDCTR-Physiology) 5 Yrs (2020-21 to 2024-25) **(Already PCR Provided)** | Dr. Partha Sarathi Biswas, CSO & Head Habigonj R/S, Dr. Salma Pervin, CSO & Head, Plant physiology Division, BRRI | IRRI- KGF | Plant Physiology, BRRI R/S Habiganj | 481.00 | 419.67 (87.25%) |
| 9 | IRRI NARES Breeding Networks Project (01 January 2024 to 31 December 2024) **(Please Provide PCR)** | Dr. Khandakar Md. Iftekharuddaula, CSO & Head, Plant Breeding Division | Bill and Melinda Gates Foundation (BMGF) | International Rice Research Institute (IRRI) | 97.58 | 97.58 (100.00%) |
| 10 | Productivity Enhancement through Improved Agricultural Water Management Technologies in the Haor Areas (PIWMH Project) (Jul 2023 to June- 2025) **(Please Provide PCR)** | Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI | Dutch-Bangla Bank Limited | **N/A** | 49.00 | 49.00 (100.00%) |
| 11 | Upscaling of Improved Water Management Practices for Sustainable Productivity in the Haor areas. (18 Nov 2021 to 17 June 2025) **(Please Provide PCR)** | Dr. Md. Mahbubul Alam, PSO & Head, IWMD, BRRI | KGF | **N/A** | 53.25 | 53.20 (99.91%) |
| 12 | Dissemination of Prilled Urea Applicator to Boost-up Rice Production (June/2024 to April/2025) **(Please Provide PCR)** | Dr. Mohammad Kamruzzaman, SSO, FMPHT Division | NCC bank | N/A | 90.00 | 87.30 (97.00%) |

**৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ**

| ক্রঃ নং | সিদ্ধান্ত/সুপারিশসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তাগণ |
|---|---|---|
| ১. | ১.১ সকল প্রকল্প/কর্মসূচি এবং রাজস্ব বাজেটের আওতায় ২০২৬-২৭ অর্থবছরের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে দ্রত মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক দরপত্রের আহবান ও কার্যাদেশ সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী এবং সহকারী পরিচালক (সংগ্রহ) |
| | ১.২ ২০২৬-২৭ অর্থবছরের এডিপি বরাদ্দের আলোকে আর্থিক শৃঙ্খলা ও অঙ্গভিত্তিক বিভাজন মেনে কর্মপরিকল্পনা অনুযায়ী বস্তুনিষ্ঠ উপায়ে স্বচ্ছতার সহিত সকল অঙ্গের ভৌত ও আর্থিক অগ্রগতি অর্জন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ২. | ২.১ রাজস্ব বাজেট এবং প্রকল্প/কর্মসূচির আওতায় চলমান বিভিন্ন নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজের ভৌত পরিমাণ ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং এবং স্থানীয় মনিটরিং কমিটিকে বাস্তবায়াধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে এবং পরিদর্শনকালে কোন ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে কাজ বন্ধ রাখতে হবে। এছাড়া সকল প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলী কে প্রকল্পের আওতায় নির্মাণাধীন পূর্ত ও অন্যান্য কার্যক্রম সরজমিনে পরিদর্শন করে মানসম্পন্নভাবে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক, মনিটরিং কমিটি এবং নির্বাহী প্রকৌশলী |
| | ২.২ মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে বিভিন্ন প্রকল্পের আওতায় মালামাল বণ্টন, মালামাল গ্রহণে স্পেসিফিকেশনজনিত সমস্যাসহ চলমান বিভিন্ন সমস্যা সমাধানে সিদ্ধান্ত নিতে সকল প্রকল্প পরিচালক এবং সকল বিভাগীয় প্রধান এবং প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে নিয়ে দ্রুত একটি সভা আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) |
| ৩. | নন-এডিপিভুক্ত সকল প্রকল্পের বাস্তবায়ন/বাস্তবায়নোত্তর পর্যায়ে কৃষক বা কৃষি ক্ষেত্রে এর প্রভাব ও কার্যক্রমের টেকসই রূপদানের পরিকল্পনা উল্লেখসহ বিভিন্ন বিভাগে বাস্তবায়নাধীন নন-এডিপিভুক্ত প্রকল্পের গবেষণাসহ অন্যান্য কার্যক্রম এবং তার আউটপুট নিয়ে বিভাগভিত্তিক আলাদা করে সভা ও প্রেজেন্টেশনের আয়োজন অব্যাহত রাখতে হবে। | পরিচালক (গবেষণা), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ এবং সকল নন-এডিপিভুক্ত প্রকল্প পরিচালক |

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সংযুক্তিঃ**

(১) সভায় উপস্থিতির স্বাক্ষর বিবরণী

২৯-০৭-২০২৬
ড. মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন : ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০
ফ্যাক্স : ৪৯২৭২০০০
ইমেইল : dg@brri.gov.bd

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.২২.০০০০.০০০.০৩০.০২.০০০১.১৭.১০৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণ, ব্রি।
২। প্রকল্প পরিচালক/ উপ-প্রকল্প পরিচালকগণ, ব্রি।
৩। নন এডিপি প্রকল্প পরিচালকগণ, ব্রি।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৫। পিএ (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৬। অফিস সহায়ক, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

Atia Rokhsana

৩০-০৭-২০২৬
আতিয়া রোখসানা
প্রিন্সিপাল প্লানিং অফিসার